# বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর।

টেলিফোনঃ ০২৪৭-৭৭৯২৩৮৯
ওয়েব পেজঃ www.krishibank.org.bd
ই-মেইলঃ rmmeherpur@krishibank.org.bd


আঃকাঃ(মেহের)-প্রশা-৩৬/২০২০-২১/ ১৩৮৪(৪) তারিখঃ ২২-০৬-২০২১ইং

**এপ্রিল'২০২১ হতে জুন'২০২১ সময়কালের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | জনাব মোঃ আঃ আজিজ, আঞ্চলিক ব্যবস্থাপক<br>(সভাপতি, বিকেবি শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, মেহেরপুর অঞ্চল) |
| তারিখ ও সময় | ২২/০৬/২০২১খ্রিঃ, সময় বিকালঃ ০৪.০০ ঘটিকা |
| স্থান | আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষ |

০১। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য ও ভার্চুয়ালী সংযুক্ত অত্র অঞ্চলাধীন সকল শাখার শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আঞ্চলিক শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য সচিবের সঞ্চালনায় কমিটির সকল সদস্য ও শাখা ব্যবস্থাপকগন বক্তব্য প্রদান করেন। তাদের বক্তব্যে অত্র ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি আলোচনা করা হয় এবং সে অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করা হয়।

০২। সভায় আঞ্চলিক শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভাপতি ও আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় তার বক্তব্যে জাতীয় 'শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১' বাস্তবায়নের প্রতি গুরুত্বারোপ করেন। সভায় আরও আলোচনা করা হয় যে, ব্যক্তি-পর্যায়ে শুদ্ধাচার হলো কর্তব্য নিষ্ঠা ও সততা। উক্ত সভায় আর্থিক খাতের অপরিহার্য অংশ হিসেবে ব্যাংকিং সেক্টরের সুশাসন নিশ্চিত করনে শুদ্ধাচার ও নৈতিকতা প্রতিষ্ঠার বিকল্প নেই বলেও অভিমত ব্যক্ত করা হয়।

০৩। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক) নিজ নিজ কার্যালয় সহ শাখা সমূহে শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় সমূহ চিহ্নিত করা হয় এবং তা দূরীকরণের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়।

খ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে শাখারর ২য় কর্মকর্তাসহ অন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব বন্টন করা হয়।

গ) গ্রাহক গণের মধ্য হতে কোনো অভিযোগ পাওয়া গেলে দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের পরামর্শ দেওয়া হয়।

ঘ) ঋণ আদায়, ঋণ বিতরণ, আমানত সংগ্রহ ও ক্যাম্প আয়োজন নিশ্চিত করতে করতে শাখা সমূহকে নির্দেশ দেয়া হয়।

ঙ) অত্র কার্যালয়সহ সকল শাখায় অভিযোগ বাক্স সংরক্ষণ করা ও প্রতিমাসে অভিযোগ পরিলক্ষিত হলে তার তৎক্ষণাৎ ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হয়।

০৪। শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির উপরোক্ত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য অনুরোধ করা হয় এবং সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আঃ আজিজ)
আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভাপতি, বিকেবি শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি, মেহেরপুর অঞ্চল

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। স্টাফ অফিসার মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।
২। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রক ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মেহেরপুর।
৪। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, মেহেরপুর অঞ্চল।
৫। অফিস নথি।